



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে মহান মে দিবস এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস, ২০২৬ উদযাপন উপলক্ষ্যে নির্ধারিত বিষয়ে স্বহস্তে লিখিত প্রবন্ধ/রচনা আহ্বান করা যাচ্ছে।

প্রতিযোগিতা সম্পর্কিত তথ্য

১। বিশ্ববিদ্যালয় পর্যায় (স্নাতক ও স্নাতকোত্তর)

বিষয়: চতুর্থ শিল্প বিপ্লব ও মে দিবস : পরিবর্তনশীল বিশ্বে শ্রমিকের সুরক্ষা ও চ্যালেঞ্জ
(শব্দসীমা ২০০০-২৫০০)

২। কলেজ পর্যায় (উচ্চ মাধ্যমিক)

বিষয়: শ্রমিকের অধিকার ও নিরাপদ কর্মস্থল : উন্নত বাংলাদেশ গড়ার মূল ভিত্তি
(শব্দসীমা ১৫০০-২০০০)

শর্তাবলি:

- ১। পরিচ্ছন্ন হাতের লেখা এবং A-4 সাইজের কাগজে প্রবন্ধ/রচনাটি প্রেরণ করতে হবে (কাগজের একপাশে লেখা বাঞ্ছনীয়);
- ২। প্রবন্ধের সাথে অংশগ্রহণকারীর শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে;
- ৩। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬, শহিদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০ বরাবর ০৬ এপ্রিল, ২০২৬ তারিখের মধ্যে ডাকযোগে বা সরাসরি দাখিল করতে হবে; একইসাথে 'Nikosh' (Unicode) ফন্ট ব্যবহার করে ig@dife.gov.bd ই-মেইলে সফটকপি প্রেরণ করতে হবে (পিডিএফ বা ছবির পরিবর্তে ওয়ার্ড ফাইল প্রেরণ করতে হবে);
- ৪। প্রবন্ধের সাথে অংশগ্রহণকারীর ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি প্রদান করতে হবে;
- ৫। প্রতি ক্যাটাগরিতে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী প্রতিযোগী নির্বাচনে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে;
- ৬। প্রবন্ধটি অবশ্যই মৌলিক রচনা হতে হবে। তবে কোন তথ্য/উপাত্ত/উক্তি প্রবন্ধ/রচনায় ব্যবহৃত হলে আবশ্যিকভাবে এর তথ্যসূত্র উল্লেখ করতে হবে;
- ৭। নির্বাচিত প্রবন্ধ মহান মে দিবস এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস, ২০২৬ উদযাপন উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরণিকায় ছাপানোর অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;
- ৮। নির্ধারিত তারিখের পর প্রেরিত লেখা মূল্যায়নের জন্য কোনক্রমেই বিবেচিত হবে না;
- ৯। উপর্যুক্ত শর্তাবলি পরিপালনে ব্যর্থতায় প্রবন্ধ/রচনা বাতিলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

প্রতি ক্যাটাগরিতে পুরস্কার মূল্য ও সম্মাননা

- ১। প্রথম পুরস্কার নগদ ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা), একটি ফ্রেস্ট ও সনদপত্র।
- ২। দ্বিতীয় পুরস্কার নগদ ২০,০০০/- (বিশ হাজার টাকা), একটি ফ্রেস্ট ও সনদপত্র।
- ৩। তৃতীয় পুরস্কার নগদ ১৫,০০০/- (পনেরো হাজার টাকা), একটি ফ্রেস্ট ও সনদপত্র।

স্বাক্ষরিত/-

ওমর মোঃ ইমরুল মহসিন
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
ও

আহ্বায়ক

প্রতিযোগিতা আয়োজন ও বেস্ট প্র্যাকটিস সম্মাননা প্রদান কমিটি
ফোন নম্বর: +৮৮-০২-২২৬৬৬৪২০২; website: www.dife.gov.bd